গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-বিচার-৫/চিকিৎসা-১/২০০৫(অংশ)-১৩৭৭

তারিখ : ২৩ অগ্রহায়ন, ১৪২৬বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের উপ-সলিসিটর (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) জনাব মোঃ মনিরুজ্জামান-এর চিকিৎসার প্রয়োজনে আর্থিক সহযোগিতার দরখাস্ত অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।

সূত্রঃ আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগ এর স্মারক নং ৩৪, তারিখঃ ১২.১১.২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের উপ-সলিসিটর (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) জনাব মোঃ মনিরুজ্জামান বিগত ০৫.১০.২০১৯ খ্রিঃ তারিখে রাত আনুমানিক ০৯.০০ ঘটিকার দিকে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন এবং তাঁর মুখ দিয়ে অকস্মাৎ রক্তনির্গত হতে থাকে। ঢাকার ল্যাব এইড হাসপাতালে প্রাথমিক চিকিৎসা শেষে তাঁকে ICU-তে স্থানান্তর করা হয়। ল্যাব এইড হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তারগণের পরামর্শ মোতাবেক উন্নত চিকিৎসার জন্য তিনি ১৭.১০.২০১৯ খ্রিঃ তারিখ সিঙ্গাপুর গমন করেন। সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ তাঁকে পরীক্ষা-নিরীক্ষা করে হাসপাতালে ভর্তি করান। মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসারত অবস্থায় কর্তব্যরত চিকিৎসক ড. পিলিপ এন্গ জানান যে, তাঁর ফুসফুসের ডান পাশে একটি জটিল ফাঙ্গাল ইনফেকশনের কারণে রক্ত বের হচ্ছে। ফুসফুসের ব্রঙ্কোস্কোপিসহ অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা করে তাঁর Lung Infection Disease রোগ ধরা পড়ে। উক্ত রোগের চিকিৎসা বাবদ তাঁর ইতোমধ্যে ১৮ (আঠারো) লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা তিনি আত্মীয় স্বজনের নিকট হতে ধার-দেনা করে সংগ্রহ করেছেন। তাঁর রোগের উন্নত চিকিৎসার জন্য আরো ৩০/৪০ লক্ষ টাকা ব্যয় হবে মর্মে চিকিৎসকগণ ধারণা দিয়েছেন। উক্ত টাকা ব্যয় করে রোগের চিকিৎসা করানোর আর্থিক সামর্থ্য তাঁর নেই। তাই তিনি নিম্নোক্ত ব্যাংক হিসাব নম্বরে আর্থিক সহযোগিতা প্রাপ্তির আবেদন করেছেন।

হিসাবের নাম : **MD MONIRUZZAMAN**
হিসাব নম্বর : **4435401012283**
সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট শাখা, ঢাকা

০২। এমতাবস্থায়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের উপ-সলিসিটর (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) জনাব মোঃ মনিরুজ্জামান এর জীবন বাঁচানোর লক্ষ্যে Lung Infection রোগের চিকিৎসার জন্য সহযোগিতা চেয়ে তাঁর দাখিলকৃত আবেদনপত্রটি সারাদেশের অধঃস্তন আদালতে কর্মরত বিচারকগণ বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০২ ফর্দ।

০৮/১২/২০১৯

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন-৯৫৭৭৪২০(অ:)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ ............................................ (সকল)
৩। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ............................................ (সকল)
৪। বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ............................................(সকল)
৫। বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল ............................................ (সকল)
৬। বিচারক, সন্ত্রাসবিরোধী ট্রাইব্যুনাল ............................................(সকল)
৭। বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল সমূহ ............................................(সকল)
৮। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা জজ....................(সকল)
৯। যুগ্ম জেলা জজ/ সমপর্যায়ের বিচারকগণ ............................................ (সকল)
১০। সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচারকগণ ............................................(সকল)
১১। সহকারী জজ/ সমপর্যায়ের বিচারকগণ ............................................ (সকল)

জ্ঞাতার্থে বিতরণ:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। যুগ্ম সচিব [(প্রশাসন-১/২)/বাজেট ও উন্নয়ন/মতামত/সলিসিটর) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৩। উপ-সচিব [(প্রশাসন-১/২)/বাজেট ও উন্নয়ন/মতামত/উপ-সল (প্র:)/রেজিস্ট্রেশন] মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৪। অফিস কপি।

বরাবর

সচিব মহোদয়
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ দেশের বিভিন্ন আদালতে রোগের চিকিৎসার নিমিত্ত আর্থিক সাহায্যের জন্য আবেদন।**

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আইন ও বিচার বিভাগের সলিসিটর উইং এর উপ-সলিসিটর (অতিরিক্ত জেলা ও দায়রা) হিসাবে কর্মরত আছি। বিগত ০৫/১০/২০১৯ খ্রিঃ তারিখে রাত আনুমানিক ০৯.০০ ঘটিকার দিকে হঠাৎ করে কোন রকম ব্যাথা বা উপসর্গ বিহীনভাবে আমার মুখ দিয়ে আকস্মিকভাবে রক্তনির্গত হতে থাকে। তাৎক্ষনিকভাবে আমি স্থানীয় ল্যাব এইড হাসপাতালের জরুরী বিভাগে গেলে দায়িত্বরত ডাক্তার ইনজেকশন ও কিছু ঔষধ দিয়ে আমাকে বাসায় চলে যেতে বলেন। সে অনুযায়ী আমি বাসায় চলে আসি। পরের দিন দিবাগত রাত ০৩.০০ ঘটিকায় পুনরায় কাশির সাথে রক্ত বের হওয়া শুরু করলে আমি পুনরায় ল্যাব এইড হাসপাতালে ভর্তি হই এবং তারা আমাকে তাৎক্ষনিকভাবে ICU তে স্থানান্তরিত করে। ল্যাব এইড হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তারগণ ১৩/১০/২০১৯ খ্রিঃ তারিখে দেশের বাহিরে চিকিৎসা নেওয়ার পরামর্শ দিয়ে ছাড়পত্র প্রদান করেন। পরবর্তীকালে আমি ১৭/১০/২০১৯ খ্রিঃ তারিখে সিঙ্গাপুরের উদ্দেশ্যে দেশত্যাগ করি। সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ আমাকে পরীক্ষা-নিরীক্ষা করে হাসপাতালে ভর্তি করেন। আমি হাসপাতালে ০৩(তিন) দিন ছিলাম। মাউন্ট এলিজাবেথ হাসপাতালে থাকা অবস্থায় কর্তব্যরত চিকিৎসক ড.পিলিপ এন্গ জানান যে, আমার ফুসফুসের ডান পাশে একটি জটিল ফাঙ্গাল ইনফেকশন এর কারণে রক্ত বের হচ্ছে। তিনি এ কারণে ফুসফুসের ব্রঙ্কোস্কোপিসহ অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা করে প্রাথমিকভাবে রোগ নির্ণয় করেন বলেন, Lung infection Disease রোগে আক্রান্ত। তিনি প্রাথমিক চিকিৎসা দিয়ে আমাকে বিগত ২৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে ফলোআপ চিকিৎসা করানোর জন্য পরামর্শ দেন।

উক্ত রোগের চিকিৎসায় ইতোমধ্যে ১৮ (আঠার) লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা আমি আত্নীয় স্বজনের নিকট হতে ধার-দেনা করে নিয়েছি। আমার রোগের উন্নত চিকিৎসার জন্য আরো ৩০/৪০ লক্ষ টাকা ব্যয় হবে মর্মে চিকিৎসকগণ ধারণা দিয়েছেন। উক্ত টাকা ব্যয় করে রোগের চিকিৎসা করানোর আর্থিক সামর্থ্য আমার নেই। এজন্য আর্থিক সাহায্যে প্রয়োজন।

এমতাবস্থায়, উপরোল্লিখিত অবস্থার প্রেক্ষিতে সদয় বিবেচনায় আমার জীবন বাঁচানোর লক্ষ্যে রোগের চিকিৎসার নিমিত্ত আপনার মাধ্যমে দেশের বিভিন্ন আদালতে আর্থিক সাহায্যের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের নির্দেশ দানের জন্য বিনীত অনুরোধ জানাইতেছি।

ব্যাংক হিসাব #
হিসাবের নাম: MD MONIRUZZAMAN
হিসাব নম্বর: 4435401012283
সোনালী ব্যাংক লিঃ:
বাংলাদেশ সুপ্রীম কোর্ট শাখা, ঢাকা।

তারিখঃ ২১/১১/২০১৯ খ্রিঃ।

বিনীত নিবেদক,

(মোঃ মনিরুজ্জামান)
উপ-সলিসিটর(জিপি/পিপি)
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

সংযুক্তঃ চিকিৎসা সংক্রান্ত সকল কাগজপত্র
ও
চিকিৎসা ব্যয়ের বিবরণী ----২১------ফর্দ।

Patient's Copy
Reg No.: 53029035M

Mount Elizabeth™ ORCHARD

# Clinical Discharge Summary

## Patient Demographics

| | | | | |
|---|---|---|---|---|
| Name | : MONIRUZZAMAN, MD | | | Location: |
| Identification No. | : OC7155381 | Date of Birth | : 15-Mar-1973 | MOUNT ELIZABETH HOSPITAL |
| MRN No. | : 6226491 | Age | : 46y | |
| Visit No | : 2019107517 | Nationality | : Bangladesh | Ward: |
| Gender | Male | Height/Weight: | | MEH-WARD 5E-BED 5920 |
| Address | : ,FLAT 10 BUILDING NAME MADHOBIL, ALLENBARI OFFICIAL QUATERS TEJ GOAN, DHAKA, Bangladesh | | | |

Allergies : No Known Allergies

Medical Alerts :
- Carbapenem-Resistant Enterobacteriaceae
- Vancomycin-resistant Enterococci

## Admission/Operation Information

Admission Date : 24-Oct-2019
Reason for Admission : Hemoptysis
Principal Diagnosis : • R042, Haemoptysis
Secondary Diagnosis : NA
Co-morbidities : NA
Operation Procedures : • SC704B-2A, Bronchus/Lung, Bronchoscopy with biopsy, bronchoalveolar lavage
Clinical Summary : Recurrent hemoptysis since O2 October
CT and BAL done
cytology negative
Histo - clot
Mold seen on fungus smear

Oct Ct (from Bangladesh) reviewed with Radiology - no endobronchial or lung lesions
Compared with Oct CT (from Mt E, with contrast) shows new ground glass right upper lobe with endobronchial lesion
Repeat bronchoscopy done in view of hemoptysis
No endobronchial lesions other than stale blood
Previous right upper lobe clot gone
BAL for galacomanin sent

## Discharge Details

Discharge Date : 26-Oct-2019
Outcome : Patient Discharged
Medical Certification Details : NA
Medications on Discharge (Hospital TTO) : NA
Medications on Discharge (Collect from Clinic) : NA

## Principal Doctor/SMC Number

Principal Doctor : Ong, Kheng Yeow Adrian
SMC Number : 05909I

Signature: ____________ Date: 26-Oct-2019